

Times Today BD

রিয়া আক্তার | ক্যাম্পাস | 19 April, 2025

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের ২০২৪-২৫ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষায় অংশ নেওয়া পরীক্ষার্থীদের সহযোগিতায় নিয়োজিত ছিলো ‘ইনকিলাব মঞ্চ কুমিল্লা বিশ্ববিদ্যালয়’। শিক্ষার্থীদের অভ্যর্থনা ও দিকনির্দেশনা দিতে বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটকের পাশে সহায়তা কেন্দ্র স্থাপন করে সংগঠনটি।

আয়োজকদের তথ্যমতে, ইনকিলাব মঞ্চের সেবামূলক কার্যক্রমের অংশ হিসেবে গত ১৭ এপ্রিল পরীক্ষার্থীদের সুবিধার জন্য পুরো কুমিল্লা শহরের সকল পরীক্ষা কেন্দ্রের একটি রোডম্যাপ তৈরি করা হয়। পরীক্ষার্থীদের যাতায়াত সহজ ও সাশ্রয়ী রাখতে শহরের প্রতিটি গুরুত্বপূর্ণ পয়েন্টে মাইকিংয়ের মাধ্যমে ন্যায্য ভাড়া নিশ্চিত করা হয়, যাতে কেউ অতিরিক্ত ভাড়া আদায় করতে না পারে। পাশাপাশি, কুমিল্লা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে পরীক্ষার্থীদের জন্য একটি সহায়ক বুথ স্থাপন করা হয়, যেখানে পরীক্ষার্থী ও তাদের অভিভাবকদের জন্য খাবার পানি এবং শুকনো খাবারের ব্যবস্থা রাখা হয়েছিল।

ইনকিলাব মঞ্চের আহ্বায়ক হান্নান রহিম বলেন, “শিক্ষার্থীদের সঠিক তথ্য পৌঁছে দেওয়া এবং ক্যাম্পাসে নিরাপদ ও ইতিবাচক পরিবেশ নিশ্চিত করতে আমরা ধারাবাহিকভাবে মাঠে কাজ করেছি। আমাদের তৈরি রোডম্যাপ অনলাইনে শিক্ষার্থীদের মধ্যে ব্যাপক সাড়া ফেলেছে। এছাড়া পরীক্ষার্থীদের সহযোগিতায় আমাদের সাধ্যমতো সর্বোচ্চ চেষ্টা করেছি।”

উল্লেখ্য, শনিবার (১৯ এপ্রিল) কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের স্বতন্ত্র ভর্তি পরীক্ষায় সকাল ১০টা থেকে ১১টা পর্যন্ত ‘সি’ ইউনিট এবং বিকেল ৩টা থেকে ৪টা পর্যন্ত ‘এ’ ইউনিটের পরীক্ষা অনুষ্ঠিত

হয়।

ভর্তি পরীক্ষা ইনকিলাব মঞ্চ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 19:57

URL: <https://www.timestodaybd.com/campus/7758071069>